



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে FOBANA SCHOLARSHIP প্রদান অনুষ্ঠান



২৭ সেপ্টেম্বর ২০২৩-বুধবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কনফারেন্স রুমে শিক্ষার্থীদের মাঝে FOBANA এর সহযোগিতায় বৃত্তি প্রদান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের সভাপতি হিসেবে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রুটিন দায়িত্ব) ও ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এধরনের বৃত্তি প্রদানের জন্য FOBANA কে কৃতজ্ঞতা জানিয়ে বলেন, “জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন সীমাবদ্ধতা থাকা সত্ত্বেও একাডেমিক কার্যক্রমের পাশাপাশি খেলাধুলা ও সাংস্কৃতিক অঙ্গনে অনেক এগিয়ে গেছে। শিক্ষার্থীদের বৃত্তি প্রদানের পাশাপাশি শিক্ষকদের গবেষণা মান উন্নয়নে FOBANA এর সহযোগিতা কাম্য।”

এছাড়াও বিশেষ অতিথি হিসেবে FOBANA এর বর্তমান চেয়ারম্যান মোহাম্মদ আলমগীর, সাবেক চেয়ারম্যান বৃন্দ ড. আহসান চৌধুরী এবং জনাব রেহান রেজা তাদের বক্তব্যে বলেন ভবিষ্যতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মেধাবী ও আর্থিকভাবে অসচ্ছল শিক্ষার্থীদের মাঝে বৃত্তি সংখ্যা ও অনুদানের পরিমাণ বৃদ্ধি করা হবে। তারা জগন্নাথ বিশ্ববিদ্যালয় পরিবারের সাথে আরো লিয়াজো স্থাপনের বিষয়ে জোর দেন।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ রইছ উদ্দিন এবং ইতিহাস বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মুর্শিদা বিনতে রহমান।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন ইতিহাস বিভাগের সহকারী অধ্যাপক মোহাম্মদ আব্দুল মান্নান হাওলাদার এবং সঞ্চালনার দায়িত্বে ছিলেন সহকারী অধ্যাপক এস এম তানভীর আহম্মদ।

উল্লেখ্য FOBANA জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো পাঁচ জন শিক্ষার্থীকে বৃত্তি পদান করে, যার মধ্যে রয়েছেন কলা অনুষদের তাসলিমা আক্তার, ইংরেজি বিভাগের আনিকা এবং ইতিহাস বিভাগের লাকি আক্তার, সাইফুর রহমান ও আবু জাফর ওবায়দুল্লাহ।